



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ

স্মারক নং- বশেমুরবিপ্রবি/র/নিয়োগ/২০২২/২৬-২৯/৭৭৮

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৯
৩১ মে ২০২২


নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ-এ নিম্নলিখিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত ও স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র/নং	পদের নাম, বিভাগ,বেতন স্কেল	পদের সংখ্যা	যোগ্যতা
১.	রেজিস্ট্রার (৫৬৫০০-৭৪৪০০) সর্বোচ্চ বয়সসীমা ৪ (৫২ বছর) (স্মারক নং ৪ বশেমুরবিপ্রবি/র/জ.প্র./২৬-২৯/২০২১/৮৫২, তারিখ ৪ ১০/০৮/২০২১ এর বিপরীতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।)	০১	প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে মাস্টার্স/৪ বছর মেয়াদী স্নাতক সম্মান/বি, এস, সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী থাকতে হবে এবং কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারী/আধাসরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের ডেপুটি-রেজিস্ট্রার বা ইহার সমমানের পদে কমপক্ষে ৪(চার) বছর অভিজ্ঞতাসহ কর্মকর্তা হিসেবে ১৪ (চৌদ্দ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক/একাডেমিক কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। অথবা প্রার্থীর কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট হতে মাস্টার্স/বি.এস.সি ইঞ্জিনিয়ারিং বা সমমানের ডিগ্রী সহ কোন বিশ্ববিদ্যালয়/ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান/সরকারী/আধাসরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসেবে ১৪ (চৌদ্দ) বছরের প্রশাসনিক বা শিক্ষা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে, যার মধ্যে কোন বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক বা তদূর্ধ পদে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসহ সহযোগী অধ্যাপক পদে কমপক্ষে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ের ডিগ্রী প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠানের প্রশাসনিক/একাডেমিক কাজের অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া যেতে পারে।
**কোন পাবলিক পরীক্ষায় ৩য় শ্রেণী/বিভাগ বা সমমানের গ্রেড (৫ স্কেলে জিপিও ২.৫ এবং ৪ স্কেলে ২.০ এর নীচে) গ্রহণযোগ্য হইবে না।			

শর্তাবলী :

- ১) বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে।
- ২) আবেদন ফর্ম অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.bsmrstu.edu.bd থেকে সংগ্রহ করতে হবে।
- ৩) প্রত্যেক পদের জন্য ১২০০/- (এক হাজার দুইশত) টাকা অগ্রাধিকার ব্যাংক লিঃ এর যে কোন অনলাইন শাখা হতে সঞ্চয়ী হিসাব নং ০২০০০০৩১৫২৩৭২, রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বশেমুরবিপ্রবি), গোপালগঞ্জ এই হিসাবে জমা করে জমা ভাউচারের মূল অংশ ১টি A4 সাইজের সাদা কাগজে আঠা দিয়ে লাগিয়ে আবেদনপত্রের মূল কপির সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে জমা ভাউচারের স্ক্রল নম্বর ও তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে এবং আবেদনপত্র অবশ্যই A4 সাইজের খামে জমা দিতে হবে।
- ৪) আবেদনকারীদেরকে ০৮(আট) কপি আবেদন করতে হবে এবং প্রতি কপি আবেদন ফর্মের সঙ্গে শিক্ষাগত যোগ্যতার সনদ, ট্রান্সক্রিপ্ট/মার্কশীট, প্রকাশিত প্রবন্ধের ফটোকপি (যদি থাকে), অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), জাতীয়তার সনদ ও মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য মুক্তিযোদ্ধার সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৫) খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৬) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি আঠা দিয়ে প্রতিটি আবেদন ফর্মে লাগাতে হবে।
- ৭) কোন প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং কর্মরত পদের নিয়োগপত্র (বেতনস্কেল উল্লেখপূর্বক), ও আনুসঙ্গিক কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- ৮) আবেদনপত্র অত্র বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরে রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ এর অনুকূলে পৌছানোর শেষ তারিখ ৩০/০৬/২০২২ বিকাল ৫-০০ ঘটিকা।
- ৯) প্রার্থীদের সাক্ষাৎকার/ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- ১০) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১) নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।


৩১ মে ২০২২
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
বশেমুরবিপ্রবি, গোপালগঞ্জ।